দৈনিক বাংলা

তারিখ 14/3/79
পৃষ্ঠা 1

116



# আজ পল্লী কবি জসীমউদ্দিনের তৃতীয় মৃত্যুবার্ষিকী

আজ 'নকশী কাঁথার মাঠ'-এর অমর স্রষ্টা পল্লী কবি জসীম-উদ্দীনের তৃতীয় মৃত্যু বার্ষিকী দিবস। আধুনিক বাংলা সাহিত্যে গ্রাম জীবন ও পল্লী প্রকৃতির নিপুণ রূপকার এই কবির স্মরণে আজ বুধবার বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে সেমিনার ও আলোচনা সভা। এই উপলক্ষে আজ বিকেল ৪টায় বাংলা একাডেমী প্রাঙ্গণে কবি জসীমউদ্দীন একাডেমীর উদ্যোগে এক আলোচনা সভা ও সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি হবেন ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী এবং সভাপতিত্ব করবেন অধ্যাপক মুহাম্মদ মনসুরউদ্দিন। বিশেষ অতিথি হবেন কবি আবদুল কাদির।